দৈনিক সংবাদ

6৯

তারিখ 15 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম 5

### কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সম্মেলন

# বেসরকারী উদ্যোগে শিক্ষা কমিশন গঠন করুন : জিল্লুর রহমান সিদ্দিকী

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী সম্পূর্ণ বেসরকারী উদ্যোগে একটি শিক্ষা কমিশন গঠনের প্রস্তাব করেছেন। গতকাল শুক্রবার সকালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে, বাংলাদেশক কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রথম জাতীয় সম্মেলন 'জাতীয় শিক্ষানীতি' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করছিলেন।

তিনি বলেন, নির্দিষ্ট সময়ান্তরে অন্য সকল নীতির মত শিক্ষানীতিরও পুনর্মূল্যায়নের প্রয়োজন দেখা দেয়। ১৯৭৩ সালে বিশ্ববিদ্যালয়ের জন্য যে নতুন আইন রচিত হয়েছিল প্রকৃত প্রস্তাবে তা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ও প্রশাসনকে কতোটা মজবুত বা দুর্বল করেছে তা পুন: বিবেচনার সময় এসেছে।

তিনি বলেন, এই অবস্থায় বেসরকারী উদ্যোগে গঠিত কমিশন যদি কিছু অপ্রিয় সত্যও তুলে ধরে তাহলে আশা করা যায় তার অপব্যাখ্যা হবেনা। এ কমিশনের কোন প্রস্তাবই যদি কার্যকর না করা হয়, তবু বলা যাবে, সমাজ কারো মুখ চেয়ে বসে থাকেনি শিক্ষা ও দেশের ভবিষ্যতের জন্য আশু কর্তব্য কি সেবিষয়ে যথাসময়ে কিছু চিন্তা করেছিল।

উদ্বোধনী ভাষণে বিচারপতি সৈয়দ মোহাম্মদ হোসেন বলেন, গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে জনগণকে সামগ্রিকভাবে যে শিক্ষায় শিক্ষিত হতে হবে সেই শিক্ষানীতিই হবে বর্তমান সমাজের জন্য গ্রহণীয়। সেজন্যই শিক্ষিত সমাজ, বিশেষ করে, শিক্ষাব্রতী শিক্ষক ও ছাত্রদের একমাত্র জাতীয় কর্তব্য হলো দেশে গণ-

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

### জিল্লুর রহমান সিদ্দিকী

(১ম পাতার পর)

তান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য সামরিক শাসনের বিরুদ্ধে চলমান আন্দোলনে শরিক হওয়া।

সভাপতির ভাষণে বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আখতারুজ্জামান শিক্ষার নিম্নতম পর্যায় থেকে শুরু করে উচ্চতম পর্যায় পর্যন্ত সর্বস্তরের শিক্ষকদের সমন্বয়ে নতুন ধারার শিক্ষক আন্দোলনের উপর গুরুত্ব আরোপ করেন।